

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
সদর, গোপালগঞ্জ
www.sadar.gopalganj.gov.bd

বিষয় : অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সোটকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী
সভাপতি : জনাব মাফরোজা আক্তার, উপজেলা কৃষি অফিসার, সদর, গোপালগঞ্জ
তারিখ : ২৪/১২/২০২৩ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : কৃষক প্রশিক্ষণ হল রুম, সদর, গোপালগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবীঃ রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব কৃষি সম্প্রসারণ অফিসার জনাব আরাফাত জামিল, সদর, গোপালগঞ্জ গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। চলতি ২০২৩-২৪ অর্থ বছরে রবি মৌসুমে তের জাতীয় ফসলের আবাদবৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে উদ্ভূত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সোটকহোল্ডারগণের সাথে পরিকল্পনা বিষয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	তেল ফসলের আবাদ সম্প্রসারণের সমস্যা	সদস্য সচিব কৃষি সম্প্রসারণ অফিসার, সদর, গোপালগঞ্জ উপস্থিত কৃষকদের কাছে তেল ফসলের আবাদ বৃদ্ধির লক্ষ্যে রোপা আমন ও বোরো ধানের মাঝে চাষের সার বিষয়ে জানতে চান। এ বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দের নিকট হতে নিম্নোক্ত বিষয় জানা যায়, রোপা আমনের দীর্ঘমেয়াদী জাত চাষ করার ফলে ফসল কর্তনের পরে সময় কম পাওয়া যায়। আমনের স্বল্প মেয়াদী জাত পেলে করা সম্ভব হবে। কিছু জায়গায় জমি কর্দমুক্ত থাকায় সরিষা চাষের জন্য জমি তৈরি হতে দেরি হয়। বিনা চাষের সরিষার জাত পেলে চাষ করা সম্ভব হবে।	স্বল্প মেয়াদী আমনের জাত যেমন ব্রি ধান ৭৫, বিনা ধান ১৭, বিনা ধান ২২; সরিষার স্বল্প মেয়াদী ও জলাবদ্ধতা সহনশীল জাত বিনা সরিষা ৯, বিনা সরিষা ১০, বারি সরিষা ১৪ সরবরাহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলা কৃষি অফিস, সদর, গোপালগঞ্জ, উপসহকারী কৃষি অফিসারবৃন্দ।

সভাপতি মহোদয়, সারের পরিমিত ব্যবহার ও সার প্রয়োগে অনলাইন সার সুপারিশমালা অনুসরণ এবং খামারী এপস ব্যবহারে সংশ্লিষ্ট সবাইকে উৎসাহিত করেন।
সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১২/২০২৩

(মাফরোজা আক্তার)

উপজেলা কৃষি অফিসার

ও

সভাপতি

উপজেলা অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সোটকহোল্ডারগণের
সমন্বয়ে অবহিতকরণ সভার কমিটি

সদর, গোপালগঞ্জ।

